তোমরা মোরগকে গালি দিয়ো না। কারণ, সে সালাতের জন্যে জাগ্রত করে।

যায়েদ ইবন খালিদ আল-জুহানী রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “তোমরা মোরগকে গালি দিয়ো না। কারণ, সে সালাতের জন্যে জাগ্রত করে।” [সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

যায়েদ ইবন খালিদ আল-জুহানী রাদিয়াল্লাহু আনহু সংবাদ দিচ্ছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মোরগকে গালি দিতে নিষেধ করেছেন, আর তার কারণ বর্ণনা করেছেন -মোরগ তার চিৎকার দ্বারা ঘুমন্তকে সালাতের জন্যে জাগ্রত করে। ইমাম আহমদ ও নাসায়ীর অপর বর্ণনায় এসেছে, “সালাতের জন্যে আযান দেয়।” এজন্যেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে গালি দিতে নিষেধ করেছেন। কারণ, তার জাগ্রত করার ভেতর প্রকাশ্য সুফল রয়েছে। সেটা হচ্ছে ইবাদতে মানুষকে সাহায্য করা। আর যে ভালো কাজে সাহায্য করে সে প্রশংসার দাবিদার, নিন্দাবাদের নয়। মোরগের একটি আশ্চর্য বিষয় হলো সে রাতের সময়কে চেনে এবং সে ঐ সময় চিৎকার করে। তার চিৎকার ফজরের পূর্ব থেকে তারপরও বিদ্যমান থাকে। মোরগকে যিনি এটা শিক্ষা দিয়েছেন তার জন্যই পবিত্রতা।

http://sunnah.global/hadeeth/bn/show/8960